

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৭৩৫

৪৮/ যিক্র, দুআ, তাওবাহ এবং ক্ষমা প্রার্থনা (كتاب الذكر والدعاء والتوبه والاستغفار)

পরিচ্ছেদঃ ৪৮/১৭. শয্যাগ্রহণ ও ঘুমানোর সময় কী বলবে?

ما يقول عند النوم وأخذ المضجع

আরবী

حَدِيثُ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا أَوَى أَحَدُكُمْ إِلَى فِرَاشِهِ، فَلَيَنْفُضْ فِرَاشَهُ بِدَاخِلَةٍ إِزَارِهِ فَإِنَّهُ لَا يَدْرِي مَا خَلَفَهُ عَلَيْهِ ثُمَّ يَقُولُ: بِاسْمِكَ، رَبِّ وَضَعَتْ جَنْبِي، وَبِكَ أَرْفَعُهُ إِنْ أَمْسَكْتَ نَفْسِي، فَارْحَمْهَا وَإِنْ أَرْسَلْتَهَا، فَاخْفَظْهَا بِمَا تَحْفَظُ بِهِ الصَّالِحِينَ

বাংলা

১৭৩৫. আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যদি তোমাদের কেউ শয্যা গ্রহণ করতে যায়, তখন সে যেন তার লুঙ্গীর ভেতর দিক দিয়ে নিজ বিছানাটা ঝেড়ে নেয়। কারণ, সে জানে না যে, বিছানার উপর তার অবর্তমানে কষ্টদায়ক কোন কিছু রয়েছে কিনা। তারপর পড়বেঃ “হে আমার প্রতিপালক? আপনারই নামে আমার দেহখানা বিছানায় রাখলাম এবং আপনারই নামে আবার উঠবো। যদি আপনি ইতোমধ্যে আমার জান কবয় করে নেন; তা হলে, তার উপর দয়া করবেন। আর যদি তা আমাকে ফিরিয়ে দেন, তবে তাকে এমনভাবে হিফায়ত করবেন, যেভাবে আপনি নেককারদের হিফায়ত করে থাকেন।”

ফুটনোট

সহীলু বুখারী, পর্ব ৮০: দুআসমূহ, অধ্যায় ১৩, হাঃ ৬৩২০; মুসলিম, পর্ব ৪৮ : আল্লাহ তাআলার যিক্রের প্রতি উৎসাহ প্রদান, অধ্যায় ১৭, হাঃ ২৭১৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84963>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন